মেহেরপুরের হরিরামপুরে শিশু বিবাহ ও পারিবারিক সহিংসতা প্রতিরোধে মতবিনিময় সভা

মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিশু বিবাহ ও পারিবারিক সহিংসতা প্রতিরোধে কমিউনিটির ভূমিকা শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০টার দিকে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মানব উন্নয়ন কেন্দ্র মউক ও জেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরাম যৌথভাবে এই সভার আয়োজন করে।

হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি আমিরুল ইসলাম এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মোঃ মাইনউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন বুড়িপোতা ইউপি চেয়ারম্যান মোঃ শাহজামান।

স্বাগত বক্তব্য রাখেন মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আনাজ আলী, মোঃ শহিদুল ইসলাম (মাষ্টার), ওয়ার্র্ড আওয়মীলীগ সভাপতি আব্বাছ উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা জোয়াদ আলী, ইউপি সদস্য সানোয়ার হোসেন।
সভায় অনুষ্ঠানের প্রধান অতিথির সামনে সমাবেত দু’শতাধিক অভিভাবক তাদের সন্তানদের শিশু বিবাহ না দেওয়ার প্রতিজ্ঞা করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।

-নিজস্ব প্রতিনিধি